

বিষয়: “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২৩” অনুযায়ী ভূমি সংস্কার বোর্ডের নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : সোলেমান খান, চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

তারিখ : ২২-০৯-২০২২ খ্রি.

সময় : সকাল ০৯:৩০ ঘটিকা।

স্থান : ভূমি সংস্কার বোর্ড-এর সভাকক্ষ।


সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩, ভূমি সংস্কার বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো উপস্থাপন করেন। উপস্থাপক সভাকে আরও অবহিত করেন যে, বাৎসরিক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী সকল লক্ষ্যমাত্রা পূরণ হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত নির্দেশিকা অনুযায়ী ভূমি সংস্কার বোর্ড-এর ২০২১-২২ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অতঃপর সভায় সভাপতি এজেন্ডাভুক্ত বিষয়সমূহ নিয়ে আলোচনা করেন। এ ছাড়াও সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং ভূমি সংস্কার বোর্ডের অন্যান্য কর্মকর্তাবৃন্দ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নে তাদের গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত:

- ১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে ৩০-০৯-২০২২ তারিখের মধ্যে কর্মপরিবেশ উন্নয়নে সার্বিক কার্যক্রম সম্পাদন করতে হবে। এ উদ্যোগের অংশ হিসেবে বোর্ডের লাইব্রেরি আধুনিকায়নসহ সংস্কার কার্যক্রম নির্ধারিত তারিখের মধ্যে সুসম্পন্ন করতে হবে।
- ২। সরকারের ব্যয় সাশ্রয়ী কার্যক্রমের অংশ হিসেবে সরকারী যানবাহন এবং স্টেশনারি সামগ্রীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ করতে হবে।
- ৩। কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করতে হবে।
- ৪। মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্দেশিকা ২০২২-২৩ অনুযায়ী ১ম কোয়ার্টারের পরিবীক্ষণ প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩” বাস্তবায়নের ক্ষেত্রে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সোলেমান খান
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।